

নাম	শহীদ শেখ জামাল যুব প্রশিক্ষণ কেন্দ্র
ঠিকানা	টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
ফোন	০২-৬৬৫৬৩৩৪
ইমেইল	ytcgopalgonj@dyd.gov.bd
স্মারক নং	২৬৭৭
তারিখ	০৮/০৯/২০২১

"মুজিব বর্ষের আহবান, যুব কর্মসংস্থান"
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডেপুটি কো-অর্ডিনেটরের কার্যালয়
শহীদ শেখ জামাল যুব প্রশিক্ষণ কেন্দ্র
যুব উন্নয়ন অধিদপ্তর
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
ytcgopalgonj@dyd.gov.bd

স্মারক নং: যুউঅ/যুপ্রকে/গোপা/সিড মানি- ২১৬/২০২০ - ১১৩

তারিখ: ০৮/০৯/২০২১ খ্রিঃ

বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শহীদ শেখ জামাল যুব প্রশিক্ষণ কেন্দ্র, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জের অনুকূলে প্রদত্ত সিড মানির লভ্যাংশ/মুনাফা হতে অর্জিত অর্থ প্রশিক্ষণ অনুযায়ী আয় সঞ্চয়মূলক কাজে ব্যবহারের জন্য জুলাই/২০২০ খ্রিঃ হতে জুন/২০২১ খ্রিঃ পর্যন্ত যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রশিক্ষণ প্রাপ্ত টুঙ্গিপাড়া উপজেলার দুঃস্থ/প্রতিবন্ধী যুবক ও যুব নারীদের নিকট হতে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

দরখাস্ত ও অনুদান সংক্রান্ত শর্তাবলী :

- ০১। বর্ণিত অনুদানের দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ২৮ সেপ্টেম্বর/২০২১ খ্রিঃ।
- ০২। যুব উন্নয়ন অধিদপ্তর বা অন্য কোন সংস্থা থেকে অনুদান সুবিধা গ্রহণ করেন নাই এ ধরনের দুঃস্থ/প্রতিবন্ধী যুবক ও যুব নারী হতে হবে।
- ০৩। কোন ধরনের দৃশ্যমান প্রকল্প নেই এমন ধরনের দুঃস্থ/প্রতিবন্ধী যুবক ও যুব নারী হতে হবে।
- ০৪। এ পর্যন্ত যুব অনুদান গ্রহণ করি নাই এ ধরনের দুঃস্থ/প্রতিবন্ধী যুবক ও যুব নারী হতে হবে।
- ০৫। যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রস্তাবিত প্রকল্প গ্রহণের জন্য অনুদান প্রদানের ক্ষেত্রে যে সকল শর্ত আরোপ করা হবে সে সব শর্ত মেনে চলতে হবে।
- ০৬। প্রাপ্ত অনুদানের অর্থ আয় সঞ্চয় মূলক কাজে বিনিয়োগ করতে হবে।
- ০৭। বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স ১৮ হতে ৩৫ বছরের হতে হবে।
- ০৮। যুব প্রশিক্ষণ সনদ, স্থানীয় পরিষদের চেয়ারম্যান কর্তৃক দুঃস্থ সনদ/ সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক প্রতিবন্ধী সনদ, জাতীয় পরিচয়পত্র, স্থানীয় পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদ ও শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- ০৯। অনুদানের টাকার ব্যবহার সংক্রান্ত পরিকল্পনার বিবরণী পূরণকৃত আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।
- ১০। ২ কপি পি পি সাইজ ছবি সত্যায়িতপূর্বক ও ১ কপি স্ট্যাম্প সাইজ ছবি জমা দিতে হবে।
- ১১। প্রার্থী অনুদান ব্যবহারে সক্ষম হতে হবে ও মানসিকভাবে ইতিবাচক মূল্যবোধের হতে হবে।
- ১২। প্রার্থীকে দুঃস্থ/প্রতিবন্ধী অথচ কর্মদ্যোগী, বুদ্ধিমত্তা প্রবণতার হতে হবে ও পরিবারের (বাবা ও মা) প্রত্যক্ষ সহযোগীতা ও সক্ষমতা থাকতে হবে।
- ১৩। নির্ধারিত আবেদন ফরম উপ-পরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে অথবা ডেপুটি কো-অর্ডিনেটরের কার্যালয় শহীদ শেখ জামাল যুব প্রশিক্ষণ কেন্দ্র, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।

২১৮:

(মোঃ মাহবুবুর রহমান)

ডেপুটি কো-অর্ডিনেটর

ফোন : ০২-৬৬৫৬৩৩৪।

তারিখ: ০৮/০৯/২০২১ খ্রিঃ

০৮/০৯/২১

স্মারক নং: যুউঅ/যুপ্রকে/গোপা/সিড মানি- ২১৬/২০২০ - ১১৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক মহোদয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক মহোদয়, গোপালগঞ্জ।
- ৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর গোপালগঞ্জ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
- ৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
- ৭। নোটিশ বোর্ড, এ কার্যালয়।
- ৮। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

২১৮:

(মোঃ মাহবুবুর রহমান)

ডেপুটি কো-অর্ডিনেটর

ফোন : ০২-৬৬৫৬৩৩৪।

০৮/০৯/২১